

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮ ১৯

আগরতলা, ২২ জুন, ২০২২

তুইহাচিং উপস্বাস্থ্যকেন্দ্রে মা ও শিশুর টিকাকরণ

খোয়াই জেলার আওতাধীন বাইজলবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত তুইহাচিং উপস্বাস্থ্যকেন্দ্রে গত ১৫ জুন এলাকার মা ও শিশুদের মধ্যে এক টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই টিকাকরণ অনুষ্ঠানে চারজন গর্ভবতী মা ও ১২ জন শিশুকে বিভিন্ন রোগ প্রতিরোধক টিকা দেওয়া হয়। উক্ত টিকাকরণ কর্মসূচিতে টিকাকরণের পাশাপাশি শিশুদের নিয়মিত টিকাকরণের গুরুত্ব, শিশুদের সঠিক বৃদ্ধিতে পরিপূরক পুষ্টির আহ্বারের প্রয়োজনীয়তা, পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি, কোভিড-১৯ টিকা গ্রহণ ও কোভিড সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতামূলক আলোচনা করেন। এই টিকাকরণে উপস্থিত ছিলেন এমপিডব্লিও মুগাল কান্তি দেববর্মা ও আশাকমীরা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
